দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUL 19 2006 ...
পৃষ্ঠা ৪ কলাম ৭

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অনিয়মঃ কর্তৃপক্ষ নজর দেবেন কি?

আমি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শত শত ভুক্তভোগী শিক্ষার্থীদের একজন। বাংলাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সবগুলো লক্ষ্য ও উদ্দেশ্য আজ ভেস্তে যেতে বসেছে । এর কর্মকর্তা, কর্মচারিগণের সীমাহীন দুর্নীতি ও অসদাচরণের কারণে বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের শিক্ষা জীবন নিয়ে চরম হতাশা ও অনিশ্চয়তার মাঝে রয়েছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রতিটি শিক্ষার্থী কোন না কোনভাবে হয়রানি ও দুর্ভোগের শিকার। এ বিষয়ে সন্দেহের অবকাশ নেই। যার জ্বলন্ত দৃষ্টান্ত আমি নিজে। আমি ২০০৪ সালে বিশ্ববিদ্যালয়ের যথাযথ বিধিমোতাবেক CELP (Certificate in English Language Proficiency) প্রোগ্রামের পরীক্ষায় অংশ নিয়ে আজও কোন রেজাল্ট পাইনি। দীর্ঘ দু'বছর পার হয়ে গেলেও রেজাল্ট না পাওয়ার নজির বিশ্বের অন্যান্য দেশে তো বটেই বাংলাদেশের অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে আছে বলে মনে হয় না। আমি এ বিলম্বের বিষয়ে প্রথমত আমার প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও আরডি রংপুর অঞ্চলের সাথে যোগাযোগ করলে তারা আমাকে পর্যাপ্ত সহযোগিতা করেনি। তাদের পরামর্শে আমি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আরডি, রংপুর অঞ্চলের মাধ্যমে আবেদন করেও কোন ফল পাইনি। শেষে আমি বিশ্ববিদ্যালয়ের গাজীপুর বোর্ড অফিসে যোগাযোগ করে জানতে পাই ভুলবশতঃ তারা আমার এ CELP কোর্সের যাবতীয় কম্পিউটার রেকর্ড নষ্ট করে ফেলেছে বিধায় আমার ফলাফল প্রদান সম্ভব নয়। এখন প্রশ্ন হচ্ছে, আমার মত শত শত শিক্ষার্থীর জীবন নিয়ে এমন নিষ্ঠুর খেলায় লিপ্ত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত অনিয়ম, দুর্নীতি আর কতদিন চলবে। আমার জীবনের যে অপূরণীয় ক্ষতি সাধিত হয়েছে, যে সময় ও অর্থের অপচয় হয়েছে সে দায় কি কর্তৃপক্ষ বহন করবে? যে বা যেসব কর্মকর্তা, কর্মচারী আমার এ অপূরণীয় ক্ষতির জন্য দায়ী তাদের দ্বারা আর কতজন শিক্ষার্থীর শিক্ষা জীবন নষ্ট হবে?

একই অবস্থা বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে এসএসসি, এইচএসসি, বিএ, বিএডসহ প্রায় প্রতিটি কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীগণের। এ ধরনের অরাজকতার কারণে বর্তমানে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যাও উল্লেখযোগ্যহারে হ্রাস পেয়েছে। সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও উর্ধ্বতন কর্তৃপক্ষ এ বিশ্ববিদ্যালয়ের যাবতীয় অনিয়ম ও দুর্নীতি বন্ধে ত্বরিত ব্যবস্থা গ্রহণ না করলে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব যেমন হুমকির মুখে পড়বে তেমনি এতে অধ্যয়নরত হাজারো শিক্ষার্থীর শিক্ষা জীবন বিনষ্ট হবে।

আখতার হোসেন রেজা,
*প্রোগ্রামঃ CELP*
*শিক্ষার্থী নং-৯৬২২০৮২৫০০০১২, কেন্দ্রঃ কারমাইকেল কলেজ,*
*রংপুর, সৈয়দপুর, নীলফামারী।*